

## আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ৬৭১

দোয়া-দুরুদ

পরিচ্ছেদঃ ২৮৮- মহানবী (সাঃ)-এর দোয়াসমূহ।

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ ، قَالَ : حَدَّثَنِي مَالِكٌ ، عَنْ يَزِيدَ بْنِ زِيَادٍ ، عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبِ الْقُرْظِيِّ ، قَالَ مُعَاوِيَةُ بْنُ أَبِي سُفْيَانَ ، عَلَى الْمَنْبَرِ : " إِنَّهُ لَا مَانِعَ لِمَا أُعْطِيَ ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعَ اللَّهُ ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْهُ الْجَدُّ . وَمَنْ يُرِدِ اللَّهُ بِهِ خَيْرًا يُفَقِّهْهُ فِي الدِّينِ " ، سَمِعْتُ هَؤُلَاءِ الْكَلِمَاتِ مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى هَذِهِ الْأَعْوَادِ

বাংলা

৬৭১। মুহাম্মাদ ইবনে কাব আল-কুরায়ী (রহঃ) থেকে বর্ণিত। মুআবিয়া ইবনে আবু সুফিয়ান (রাঃ) মিস্বারের উপর দাঁড়িয়ে বলেন, “প্রভু! তুমি যাকে দান করো তা প্রতিরোধ করার কেউ নাই। আর আল্লাহ যার প্রতিবন্ধক হন তাকে কেউ দান করতে পারে না। কারো বংশমর্যাদা বা সম্পদশালীর সম্পদ তার কাছে কোন উপকারে আসে না। আর আল্লাহ যার কল্যাণ সাধন করতে চান তাকে ধর্মের জ্ঞানে সমৃদ্ধ করেন”। অতঃপর তিনি বলেন, আমি এই কথাগুলি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এই মিস্বারের উপর বলতে শুনেছি -(মুয়াত্তা মালিক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=46055>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন